

তিন দফা দাবিতে নন-এমপিওভুক্ত শিক্ষকদের মানববন্ধন

যুগান্তর ডেস্ক

তিন দফা দাবিতে কেন্দ্র ঘোষিত কর্মসূচির অংশ হিসেবে দেশের বিভিন্ন স্থানে মানববন্ধন কর্মসূচি পালন করেছে নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী ঐক্যজোট। কর্মসূচি শেষে তারা জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদান করেন। তিন দফা দাবির মধ্যে রয়েছে স্বীকৃতিপ্রাপ্ত সব শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্তকরণ, স্বীকৃতির সময় থেকে চাকরির ব্যয় গণনা ও অর্থনৈতিক সহায়তার কারণে প্রয়োজন ১০ ভাগ বেতনে হলেও এমপিওভুক্তি। কর্মসূচিতে অংশ নিয়ে শিক্ষক নেতারা

জানান, সারা দেশে গত ১৫ বছর ধরে ১৫ লাখ শিক্ষার্থীদের বিনা বেতনে সফাখিক শিক্ষক বিনা বেতনে পড়াচ্ছেন। এসব শিক্ষকের মূল্যায়নের জন্য অচিরেই তিন দফা দাবি মেনে নেয়ার আহ্বান জানান বক্তারা। যুগান্তর ব্যুরো ও প্রতিনিধিদের পাঠানো খবর—

যমুনাসিংহ : শহরের ফিরোজ-আহাঙ্গীর চত্বরে খটাব্যাপী মানববন্ধন চলাকালে বক্তব্য রাখেন শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের সভাপতি মুহাম্মদ নুরুল্লাহমান ও সাধারণ সম্পাদক দেলোয়ার হোসেন শিবলি, অধ্যক্ষ জিয়া উদ্দিন শাকির, অধ্যক্ষ মাসুদুল হক বান, প্রডায়ক আকরামুল ইসলাম, প্রডায়ক নিজামুর রহমান, সুপার মোতাক্কির রহমান মানিক, সুপার তফাজ্জল হোসেন প্রমুখ।

স্বাক্ষরকারী ব্যুরো : প্রধানমন্ত্রীর স্মারকলিপির জেরে

এদাকায় এ মানববন্ধন কর্মসূচি পালন করা হয়। কর্মসূচিতে বক্তব্য রাখেন মাসুম আদম, শাহাদাৎ হোসেন, জহরুল ইসলাম, মহামুদুল হকসহ নগরী প্রমুখ।

দিনাজপুর : জেলা প্রশাসক কার্যালয়ের সামনে মানববন্ধন কর্মসূচিতে বক্তব্য রাখেন, অধ্যক্ষ মোঃ হাবিবুর রহমান, প্রডায়ক মোঃ মোকাম্মর হোসেন, অধ্যক্ষ ড. মীর আনোয়ার হোসেন, অধ্যক্ষ এহসানুল হক পলাশ প্রমুখ।

ঠাকুরগাঁও : শহরের চৌরাস্তা মোড়ে আদৃত মানববন্ধন কর্মসূচিতে জেলার পাঁচ শতাধিক শিক্ষক কর্মচারী তাদের দাবি বাস্তবায়নে অংশ নেন। কর্মসূচিতে

বক্তব্য রাখেন সংগঠনের সভাপতি রিমানুল ইসলাম সরকার ও সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম প্রমুখ।

পিরাজঙ্গল : শহরের চৌরাস্তার মোড়ে প্রেস ক্লাবের সামনে মানববন্ধনে নন-এমপিও শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদ পিরাজঙ্গল জেলা শাখার আহ্বায়ক রফিকুল ইসলামের সভাপতিতে মানববন্ধনে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন নন-এমপিও শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদ কেন্দ্রীয় কমিটির সভাপতি শিক্ষক নেতা এশারত আলী।

নোয়াখালী : জেলা শহরের মাইজপী টাউন হল প্রধান সভকের পূর্ব পার্শে প্রায় দুই শতাধিক শিক্ষক মানববন্ধন করেন। মানববন্ধনে বক্তব্য রাখেন কাজী মোঃ নুরুল হক, অধ্যক্ষ মোঃ শহীদুল ইসলাম, মোঃ জাহির উদ্দিন রশিদ, আবদুল করিম, এমসি হারুন, মোঃ হুসেইন প্রমুখ।

প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি